


সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শ্যামল চন্দ্র কর্মকার  
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সভার তারিখ : ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:।  
সময় : সকাল ১০.০০ ঘটিকা।  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ  
(সভায় ভার্চুয়ালি যুক্ত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন মন্ত্রণালয় হতে মাঠ পর্যায় পর্যন্ত প্রতিটি দপ্তর বা ইউনিটের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত করেছে। অতঃপর সভাপতি ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বিষয়ে উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, গত ২৭/০৯/২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একটি কর্মশালা আয়োজন করে। কর্মশালায় ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন, অধীন দপ্তর/সংস্থার অংশগ্রহণে সভা আয়োজন, সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যক্রম পরিবীক্ষণ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ প্রমাণকের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইস্যুকৃত পত্রের আলোকে সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে নির্ধারিত ক্রম অনুযায়ী সাজানোর জন্য অনুরোধ করা হয়। উপস্থাপিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক) ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিটি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, উর্দ্ধতন অফিস অর্থাৎ মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- খ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন, মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- গ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন, পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উর্দ্ধতন অফিসে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইস্যুকৃত পত্রের আলোকে সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো প্রতিটি দপ্তর/সংস্থার ওয়েবসাইটে নির্ধারিত ক্রম অনুযায়ী সাজানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ভার্চুয়ালি যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শ্যামল চন্দ্র কর্মকার)  
অতিরিক্ত সচিব

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়